স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — জুন ও ডিসেম্বর, ২০০৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (দ্বিতীয় পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০×২=৪০

ক) পৃথিবীর ভাষাগোষ্ঠী সম্পর্কে আলোচনা করে তাদের শ্রেণিগুলির পরিচয় দিন। সেমিটিক ও ইরানীয়ন ভাষার বৈশিষ্ট্য আলোচনা করুন।

খ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উদাহরণযোগে ব্যাখ্যা করুন।

গ) উপভাষা কাকে বলে? বাংলা উপভাষার লক্ষণ ও পরিচয় দিন। যে-কোনো একটি উপভাষা সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

ঘ) শব্দালংকার ও অর্থালংকারের উদাহরণসহ তুলনাত্মক বিচার করুন।

ঙ) পার্থক্য কী বুঝিয়ে দিন—
সাধারণ (অপ্রবহমান) পয়ার আর অমিত্রাক্ষর।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২×৩=৩৬

ক) কাকে বলে, লিখুন ঃ পর্ব, মাত্রা, স্তবক। ৪×৩=১২

খ) সমীভবন ও বিষমীভবন কাকে বলে —উদাহরণসহ ব্যাখ্যা করুন। ৬+৬=১২

গ) আধুনিক বাংলাভাষার লক্ষণগুলি কী, বলুন।

ঘ) সাধুভাষা ও চলিতভাষার পার্থক্যগুলি প্রাসঙ্গিক উদাহরণসহ আলোচনা করুন।

ঙ) দেশি শব্দ কোন্‌গুলি? দুটি দেশি শব্দের উৎস ও শ্রেণিবিভাগ করুন। ২+২+৮=১২

চ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উদাহরণসহ আলোচনা করুন।

ছ) একটি 'চতুর্দশপদী' কবিতা উদ্ধৃত করে তার মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬×৪=২৪

ক) ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করুন ঃ
'যাইতে মানস — সরে
কার না মানস মরে'?

খ) ছন্দোলিপি তৈরি করুন ঃ ৩+৩=৬
"দেশ দেশ নন্দিত করি মন্দ্রিত তব ভেরী—
আসিল যত বীরবৃন্দ আসন তব ঘেরি।"

গ) উদাহরণসহ সংজ্ঞা লিখুন ঃ ৩+৩=৬
লোকনিরুক্তি ও বর্ণবিপর্যয়।

ঘ) সংক্ষেপে ব্যঞ্জনাগত অর্থ বা ব্যঙ্গ্যর্থের উদাহরণসহ পরিচয় দিন।

ঙ) অর্থ পরিবর্তনের কোন্ কোন্ ধারায় নিম্নলিখিত শব্দগুলির অর্থান্তর ঘটেছে তা লিখুন ঃ ২×৩=৬
বিভীষণ, উজবুক, থান।

চ) স্বরাগম কাকে বলে? স্বরাগম কত প্রকার? প্রত্যেকটির একটি করে উদাহরণ দিন। ২+১+৩=৬

ছ) 'রূপিম' চিহ্নিত করার স্পষ্টত যে চারটি সূত্র আছে সেই সূত্রগুলি তুলে ধরুন। ১$\frac{১}{২}$×৪=৬

জ) অনুপ্রাস কাকে বলে? কত প্রকার অনুপ্রাস আছে? যে-কোনো প্রকারের অনুপ্রাসের একটি উদাহরণ দিন। ২+২+২=৬

ঝ) চারটি প্রাদেশিক শব্দের দৃষ্টান্ত দিন। ১$\frac{১}{২}$×৪=৬